*Satish Chandra Memorial* *School*

*Practice Test*

*Class -3*

*Subject -Bengali*

*কেস স্টাডি*

*১)ক)নিচের অনুচ্ছেদটি পড়ে* *সঠিক উত্তরটি বেছে নিয়ে* *লেখো।* *১×৭=৭*

অনেক অনেক কাল আগে, যখন মানুষ জন্মায়নি, তখন পৃথিবীতে ফুল ছিল না। মাটির উপর ছিল কেবল বড়ো ঘাস আর পাতা গাছ। আলো এসে ফুলদের খুঁজে খুঁজে যেত। বাতাস পাতা শুকে শুকে চলে যেত। হায়, ফুল নেই।

এক রাতে ফুলপরিরা নেমে এলো পৃথিবীর পাতা- ভরা বাগানে। তাদের দেশে নাকি অনেক ফুল। তারা ফুলের পাপড়ির পোশাক পরে, ফুলের মধু খায়। পরিরা বলাবলি করল, 'আচ্ছা, এমন চমৎকার জায়গায় ফুল নেই? চলো, আমরা ফুল নিয়ে আসি।' পরিরা সবাই মিলে,তাদের দেশ থেকে অনেক ফুলের বীজ নিয়ে এল। সেই বীজ ছড়িয়ে দিল মাঠে মাঠে,বনে বনে। সেই বীজ থেকে সাদা, নীল,হলদে, লাল,বেগুনি ফুলে ছেয়ে গেল বন। আলো এসে তাদের গায়ে হাত বুলিয়ে দিল। বাতাস তাদের দুলিয়ে দিয়ে গেল। মৌমাছিরা ছুটে এল মধু খেতে।

ক) পৃথিবীর পাতা ভরা বাগানে কারা নেমে আসে?

জাদু পরি/ ফুল পরি/ জলপরি/রুপ পরি

খ) অনেক অনেক কাল আগে পৃথিবীতে কি ছিল না?

ফল /জল/ ফুল/ বাতাস

গ) মন্তব্য: একদল ফুলপরি নেমে এল পৃথিবীর বুকে।

কারণ: তারা পৃথিবীতে ফুল দেখতে পায়নি।

মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল, কারণ ভুল/ মন্তব্য ঠিক, কারণ ঠিক/ মন্তব্য ভুল ,কারণ ঠিক/

ঘ) ফুলদের খুঁজে খুঁজে যেত_ আলো/ বাতাস/ মৌমাছি/ পরি

ঙ) মন্তব্য: পরিরা তাদের দেশ থেকে ফুলের বীজ নিয়ে এলো।

কারণ :গাছ না লাগানোর জন্য।

মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ঠিক, কারণ ঠিক / মন্তব্য ভুল, কারণ ভুল / মন্তব্য ভুল,কারণ ঠিক

চ) মৌমাছিরা ছুটে ছুটে কি খেতে যায়?

______________________________

ছ) ফুল পরিরা কোথা থেকে ফুলের বীজ এনেছিল?

________________________________

*খ)নীচের অনুচ্ছেদটি পড়ে* *সঠিক উত্তরটি* *নির্বাচন করো১×৭=৭*

রাহুল নামের একটি ছেলে ছিল খুব সৎ।একদিন সে মাঠে খেলতে গিয়ে একটি মানিব্যাগ পেল।মানিব্যাগে অনেক টাকা ছিল। রাহুল ভেবেছিল: "এটা নিশ্চয়ই কারও হারিয়ে গেছে।"সে মানিব্যাগটি নিয়ে গ্রামের প্রধানের কাছে গেল। প্রধান ঘোষণা করলেন: "যার মানিব্যাগ হারিয়েছে, সে এসে নাও।" এক বৃদ্ধ এসে মানিব্যাগ চিনে নিলেন। বৃদ্ধ রাহুলকে আশীর্বাদ দিয়ে বললেন: "তুমি সত্যিই ভালো ছেলে।"

ক) ছেলেটির নাম কি ছিল?

জয় /অতুল / রাহুল / দেব

খ) রাহুল মাঠে খেলতে গিয়ে কি পেয়েছিল?

বল /পিন/ মানিব্যাগ / চশমা

গ) মন্তব্য: রাহুল মানিব্যাগ ফিরিয়ে দিল।

কারণ : সেই মানিব্যাগ ওর নিজের ছিল না।

মন্তব্য ঠিক,কারণ ভুল / মন্তব্য ভুল কারণ ঠিক/ মন্তব্য ঠিক,কারণ ঠিক / মন্তব্য ভুল, কারণ ভুল

ঘ) মানিব্যাগটি কার ছিল?

ছেলের/ চাকরের/ বৃদ্ধের/ মায়ের

ঙ) মন্তব্য:বৃদ্ধ রাহুলকে আশীর্বাদ করলেন।

কারণ : রাহুল মানিব্যাগ প্রধানকে ফিরিয়ে দিয়েছিল।

মন্তব্য ঠিক, কারণ ঠিক/ মন্তব্য ভুল,কারণ ভুল / মন্তব্য ঠিক, কারণ ভুল/ মন্তব্য ভুল কারণ ঠিক

চ) মানিব্যাগটা কার ছিল?

________________________________

ছ) প্রধানের বাড়ি কোথায় ছিল?

________________________________